Sanatan Dharma

ভগবান শব্দের অর্থ কি?

উত্তরঃ ভগবান শব্দটি সংস্কৃত। ' ভগ' শব্দের অর্থ ঐশ্বর্য এবং বান শব্দের অর্থ যুক্ত। তাই ভগবান শব্দের অর্থ,যিনি সম্পূর্ণ ভাবে ৬টি ঐশ্বর্য সমন্বিত গুন যুক্ত।

বিষ্ণু পুরাণে (৬/৫/৪৭) বলা হয়েছে, এই ৬টি গুন বা ঐশ্বর্য হল-
১. সমগ্র ঐশ্বর্য (সমস্থ রকম বিভূতি),
২. সমগ্র বীর্য (সমস্থ রকম আত্ম-পরমাত্ম-ব্রহ্ম শক্তি) ,
৩. সমগ্র যশ,(সর্ব অন্তঃকরণের সঙ্গে যুক্ত)
৪ সমগ্র শ্রী (ইছামাত্র সবাইকে পরম এর দ্বারা আকর্ষণ) ,
৫.সমগ্র জ্ঞান, (সৃষ্টি-স্থিতি-লয়-কালচক্র -আত্ম-পরমাত্ম-ব্রহ্ম সব রকম জ্ঞান)
৬.সমগ্র বৈরাগ্য (চরম -পরম নিরাসক্তি সর্বদা অবস্থায় স্থিতি)

শাস্ত্রে আছে যে কোনো মানুষ মহা সাধনবলে আত্ম-পরমাত্ম-ব্রহ্ম জ্ঞান - ব্রহ্মস্থিতি লাভ কর নির্বীজ সমাধি লাভ করে এই ৬ টি ঐশ্বর্য লাভ করতে পারেন এবং ভগবান অবস্থা লাভ করতে পারে। যেমন :- ভগবান বুদ্ধ, ভগবান লোকনাথ, ভগবান সাইবাবা , ভগবান শ্যামাচরণ লাহিড়ী ,আরো অনেকে ইত্যাদি।

Published on: Sep, 27 2022 14:42